

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কারিগরি শিক্ষা অধিদপ্তর  
এফ-৪/বি, আগারগাঁও প্রশাসনিক এলাকা  
ঢাকা-১২০৭।

স্মারক নং-৩৭.০৩.০০০০.০১২.১৩.০০৩.১৬/

তারিখঃ ...../০১/২০১৭ইং।

প্রাপক : প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা  
শিক্ষা মন্ত্রণালয়  
৪৫, পুরানা পল্টন, ঢাকা-১০০০।

বিষয় : পারিবারিক অবসরভাতা ও আনুতোষিক মঞ্জুরী প্রসঙ্গে।

উপরোক্ত বিষয়ের বরাতে জানানো যাচ্ছে যে, অত্র অধিদপ্তরাধীন বাংলাদেশ ইনস্টিটিউট অব গ্লাস এন্ড সিরামিক, তেজগাঁও, ঢাকা-১২০৮ এর স্কীল্ডম্যান জনাব মোঃ আব্দুছ ছালাম চাকুরীর অবস্থায় গত ১৭/০২/২০১৬ইং তারিখে মৃত্যুবরণ করেছেন। এতদপ্রেক্ষিতে মরহুমের বিধবা স্ত্রী ইয়াসমিন আকতার পরিবারের অন্যান্য ওয়ারিশগণের পক্ষে ক্ষমতাপ্রাপ্ত হয়ে নির্ধারিত ফরমে পারিবারিক অবসরভাতা ও আনুতোষিক মঞ্জুরীর আবেদন জানিয়েছেন।

২। উক্ত কর্মচারীর মৃত্যু তারিখে শেষ মাসিক গ্রহীতব্য মূলবেতন ১৫,১২০/-। তার চাকুরীকাল ২৫ বৎসরের উর্ধ্বে হওয়ায় পেনশনের হার ৯০% হিসাবে মোট অবসরভাতার পরিমাণ ১৩,৬০৮/-টাকা। মোট অবসরভাতার অর্ধাংশ (১৩,৬০৮÷২)=৬,৮০৪/- টাকা। আনুতোষিকের জন্য অবসরভাতার ১ম অর্ধাংশের বিনিময় হার প্রতি ১/- টাকার পরিবর্তে ২৩০/- টাকা হিসাবে থেকে প্রাপ্য আনুতোষিক (৬,৮০৪×২৩০/-)=১৫,৬৪,৯২০/- (পনের লক্ষ চৌষট্টি হাজার নয়শত বিশ) টাকা প্রাপ্য।

উক্ত কর্মচারীর নিকট সরকারী বাড়ীভাড়া, গ্যাস, পানি ও পয়ঃ প্রণালী বাবদ পাওনা ৯৭,৮২০/- (সাতানব্বই হাজার আটশত বিশ) টাকা। উক্ত আনুতোষিক হতে সরকারী পাওনা কর্তন করে (১৫,৬৪,৯২০-৯৭,৮২০/-)=১৪,৬৭,১০০/- (চৌদ্দ লক্ষ সাতষট্টি হাজার একশত) টাকা মাত্র এককালীন আনুতোষিক এবং ১৭/০২/২০১৬ইং তারিখ হতে মাসিক নীট ৬,৮০৪/- (ছয় হাজার আটশত চার) টাকা হারে পারিবারিক অবসরভাতা নির্দেশিত হয়ে মঞ্জুরী প্রদান করা হলো।

৩। মরহুমের বিধবা স্ত্রী ইয়াসমিন আকতার এর অনুকূলে পেনশন পরিশোধ আদেশ (পিপিও) জারীর জন্য নিম্নবর্ণিত কাগপত্রাদি পরবর্তী কার্যার্থে প্রেরণ করা হলো।

ক)	পারিবারিক পেনশন ফরম ২.২	১ কপি
খ)	পাসপোর্ট সাইজ ছবি (সত্যায়িত)	৪ কপি
গ)	মৃত্যুর সনদ (হাসপাতাল কর্তৃক)	১ কপি
ঘ)	শেষ বেতনের সনদপত্র	১ কপি
ঙ)	নমুনা স্বাক্ষর ও হাতের পাঁচ আঙ্গুলের ছাপ	৩ কপি
চ)	উত্তরাধিকারী সনদপত্র ও নন-ম্যারিজ সার্টিফিকেট	৩ কপি
ছ)	উত্তরাধিকারী কর্তৃক মাতাকে ক্ষমতা হস্তান্তর পত্র	৩ কপি
জ)	না-দাবী সনদপত্র	১ কপি
ঝ)	জাতীয় পরিচয়পত্র	১ কপি
ঞ)	চাকুরী বহি	এক সেট।

৪। এ আদেশে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।

স্বাক্ষরিত/-  
(মোহাম্মদ আবদুল মতিন হাওলাদার)  
সহকারী পরিচালক  
ফোন-০২-৮১৮১২২৫

স্মারক নং-৩৭.০৩.০০০০.০১২.১৩.০০৩.১৬/৪০(৪)

তারিখঃ ২২/০১/২০১৭ইং।

- অবগতির জন্য অনুলিপি দেয়া হল :-
- ১। অধ্যক্ষ, বাংলাদেশ ইনস্টিটিউট অব গ্লাস এন্ড সিরামিক, তেজগাঁও, ঢাকা-১২০৮। এ তার ০২/০১/২০১৭ইং তারিখের ০২ নং স্মারকের বরাতে করা হল।
  - ২। আই.সি. টি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা-১২০৭। (পত্রটি ওয়েব সাইটে দেয়ার জন্য অনুরোধ করা হল।)
  - ৩। জনাব ইয়াসমিন আকতার, স্বামী-মৃত মোঃ আব্দুছ ছালাম, প্রাক্তন স্কীল্ডম্যান, বাংলাদেশ ইনস্টিটিউট অব গ্লাস এন্ড সিরামিক, তেজগাঁও, ঢাকা-১২০৮। স্থায়ী ঠিকানাঃ গ্রাম-আজিম নগর, ডাকঘর- ইব্রাহিমপুর, থানা-হরিরামপুর, জেলা-মানিকগঞ্জ।
  - ৪। সংশ্লিষ্ট নথি।

(মোহাম্মদ আবদুল মতিন হাওলাদার)  
সহকারী পরিচালক  
ফোন-০২-৮১৮১২২৫